

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৯২

٩. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো হারামে লিপ্ত হওয়ার ভয়ে এমন বৈধ কাজ করা থেকে বিরত থাকা যা মানুষকে নশ্বর ও প্রবঞ্চক দুনিয়ার দিকে ঢেলে দেয়

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ تَعْزُفَ نَفْسُهُ عَمَّا يُؤَدِّي إِلَى اللَّذَّاتِ مِنْ هَذِهِ الْفَانِيَةِ الْغَرَّارَةِ وَإِنْ أُبِيحَ لَهُ ارْتكَابُه َحْذُور مِنْهَا

আরবী

692 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا الْوَلِيدُ بْنُ مُسُلِمٍ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ عَنْ سُلَيْمَانَ بْنِ مُوسَى عَنْ نَافِعٍ قَالَ: سَمِعَ ابْنُ عمر مسلِمٍ عَنْ نَافِعٍ قَالَ: سَمِعَ ابْنُ عمر صوت زُمَّارة راعي قَالَ: فَجَعَلَ إِصْبَعَيْهِ فِي أُذُنَيْهِ وَعَدَلَ عَنِ الطَّرِيقِ وَجَعَلَ يَقُولُ: يَا نَافِعُ أَتَسْمَعُ؟ فَأَقُولُ: نَعَمْ فَلَمَّا قُلْتُ: لَا رَاجَعَ الطَّرِيقَ ثُمَّ قَالَ: (هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفعله)

الراوي: نَافِع | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 692 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৬৯২. নাফি' রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা একদিন এক রাখালের বাশিঁর আওয়াজ শুনলেন। নাফি' রহিমাহুল্লাহ বলেন, "অতঃপর তিনি তার দুই আঙ্গুল কানের ভিতর রাখেন এবং রাস্তা থেকে সরে পড়েন, আর তিনি বলতে লাগলেন, "হে নাফি, তুমি কি (গানের আওয়াজ) শুনতে পাচ্ছো?" আমি বলি, "হ্যাঁ। অতঃপর যখন আমি বলি, "না, এখন শুনতে পাচ্ছি না।" তখন তিনি আবার রাস্তায় ফিরে আসেন। তারপর তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এরকম করতে দেখেছি।"[1]

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ২/৮; আবু দাউদ: ৪৯২৪।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আল মিশকাত: ৪৮১৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন